

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭১৯

আগরতলা, ৬ জুলাই, ২০২৪

**মেলাঘরে রথযাত্রা উপলক্ষে সাংস্কৃতিক উৎসবের উদ্বোধন**  
রথযাত্রা উৎসবের পরম্পরার বহমান ধারা  
এখন আমাদের কাছে এক ঐতিহ্য : মুখ্যমন্ত্রী



রথযাত্রা উৎসবের পরম্পরার বহমান ধারা এখন আমাদের কাছে এক ঐতিহ্য। রথযাত্রা উৎসব পৌরাণিক কাল থেকেই উদযাপন করা হচ্ছে। আমাদের বিভিন্ন পুরাণে রথযাত্রা উৎসবের কথা বর্ণনা করা হয়েছে। ঐতিহ্যের এই পরম্পরাকে আমাদের বাঁচিয়ে রাখা প্রয়োজন। আজ মেলাঘরে ঐতিহ্যবাহী রথযাত্রা ও মেলা উপলক্ষে ৯দিনব্যাপী সাংস্কৃতিক উৎসবের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। মেলাঘরের জগন্নাথবাড়িস্থিত মুক্তমঞ্চে ৯দিনব্যাপী এই সাংস্কৃতিক উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, মেলাঘরের ঐতিহ্যবাহী রথযাত্রা উৎসবে বিভিন্ন ধর্মাবলম্বী মানুষ সমবেত হন। ভক্তপ্রাণ মানুষের সাথে সাথে ক্রেতা বিক্রেতাগণও মেলায় সমবেত হন। মেলায় বেচাকেনার মাধ্যমে গ্রামীণ মানুষের রোজগারেরও সুযোগ ঘটে। মুখ্যমন্ত্রী ৯দিনব্যাপী এই উৎসব শান্তিপূর্ণ ও নির্বিঘ্নে সম্পন্ন করার জন্য আহ্বান জানিয়েছেন। উল্লেখ্য, তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং মেলাঘর পুরপরিষদের উদ্যোগে এই উৎসবের আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, গতবারের কুমারঘাটে দুঃখজনক ঘটনার পরিপ্রেক্ষিতে এ বছর আগেই ভিডিও কনফারেন্সের মাধ্যমে রাজ্যের সমস্ত জেলাশাসক, পুলিশ সুপার ও সংশ্লিষ্টদের সঙ্গে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। এক্ষেত্রে রথযাত্রার রোডম্যাপ, রথের উচ্চতা, বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা, ফায়ার সার্ভিস এবং স্বাস্থ্য দপ্তরকে বিশেষভাবে সতর্ক থাকার কথা বলা হয়েছে। কোনও ঘটনা ঘটার আগে থেকেই সচেতন থাকা দরকার। আনন্দের মাঝে যেন বিষাদ নেমে না আসে সেদিকে সবাইকে নজর রাখতে হবে। মুখ্যমন্ত্রী মেলাঘরের রথের ইতিহাস তুলে ধরেন এবং এই রথযাত্রা উৎসবের সাথে যুক্তদের প্রতি কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, জগন্নাথ হচ্ছেন লর্ড অব ওয়ার্ল্ড অর্থাৎ সমস্ত পৃথিবীর অধিপতি। রথযাত্রা উৎসবে প্রভু জগন্নাথ ভক্তের মাঝে নেমে আসেন।

২-এর পাতায়

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক কিশোর বর্মণ ও বিধায়ক বিন্দু দেবনাথ। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত, সিপাহীজলা জেলার জেলাশাসক নাগেশ কুমার বি, ভারপ্রাপ্ত পুলিশ সুপার নমিত পাঠক, সমাজসেবী দেবব্রত ভট্টাচার্য, সমাজসেবী বিশ্বজিৎ দাস, সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেলাঘর পুরপরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষ পাল রায়। স্বাগত বক্তব্য রাখেন সোনামুড়া মহকুমার মহকুমা শাসক অরুণ দেব। উদ্বোধনী অনুষ্ঠানের পর মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা মেলাঘরের জগন্নাথ দেবের নির্মীয়মান মন্দিরটি পরিদর্শন করেন।

\*\*\*\*\*